

কোলাহল থেমে গেলে

পড়ে থাকে জ্ঞান

একটি উজ্জ্বল সারস খুঁটে নেয় তাকে

সারল্যের বাঁকে বাঁকে পাষণপ্রতিমা

মঙ্গলশাঁখে ফুঁ দেয়, কাকে যেন ডাকে।

সরে গেছে বান, পড়ে আছে পলি

অজ্ঞ প্রাণের বলি--

প্লাবিত জ্যোৎস্নায় কাটা হেমস্তের ধান

চাষী জানে এ-ই বিদ্যা, আর জানে আহত অঘ্নাণ।

কোলাহলে কোলাহলে অন্নে মেশে নুড়ি ও কাঁকর,

এখন তিনিই প্রভু, বাকি সব চাকর - বাকর।

ডানাভাঙা মাছরাঙা ভোরবেলা ছড়িয়ে রঙ,

পাড়ে বসে শিক্ষা দেয় এই হলো শিকারের ঢঙ

এবং দীক্ষা দেয় ভিক্ষাবৃত্তি ছাড়ো হে বালক---

ডাকছে নাবাল জমি, ছেঁড়া তার, ছিন্ন পালক।

পড়ে থাকে জ্ঞান

একটি উজ্জ্বল সারস খুঁটে নেয় তাকে

সারল্যের বাঁকে বাঁকে পাষণপ্রতিমা

মঙ্গল শাঁখে ফুঁ দেয়, কাকে যেন ডাকে।

বিনাথ সিংহ